

# ■■ সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৭১৩৩

৯২/ ফিতনা (كتاب الفتن)

পরিচ্ছেদঃ ৯২/২৭. দাজ্জাল মদিনায় প্রবেশ করবে না।

بَابِ لاَ يَدْخُلُ الدَّجَّالُ الْمَدِينَةَ

### আরবী

عَبْدُ اللهِ بْنُ مَسْلَمَةَ عَنْ مَالِكٍ عَنْ نُعَيْمِ بْنِ عَبْدِ اللهِ الْمُجْمِرِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللهِ مِلَى اللهِ عليه وسلم عَلَى أَنْقَابِ الْمَدِينَةِ مَلاَئِكَةٌ لاَ يَدْخُلُهَا الطَّاعُونُ وَلاَ الدَّجَّالُ.

#### বাংলা

৭১৩৩. আবৃ হুরাইরাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মাদ্বীনার প্রবেশপথগুলোতে ফেরেশতা নিযুক্ত আছেন। কাজেই সেখানে প্লেগ ও দাজ্জাল প্রবেশ করবে না।[1] [১৮৮০] (আধুনিক প্রকাশনী- ৬৬৩৪, ইসলামিক ফাউন্ডেশন- ৬৬৪৮)

# **English**

#### Narrated Abu Huraira:

Allah's Messenger (ﷺ) said, "There are angels at the mountain passes of Medina (so that) neither plague nor Ad-Dajjal can enter it.'

# ফুটনোট

- [1] হাদীসটিতে মদীনার ফযীলত বর্ণিত হয়েছে। মদীনার আরোও ফযীলত হচ্ছে :
- ১. রসূলুল্লাহ (সাঃ) মক্কা থেকে মদীনায় হিজরত করার পূর্বে মদীনার নাম ছিল ইয়াসরিব। ফলে রসূল (সাঃ) সেখানে হিজরত করার কারণে তার নামকরণ করা হয়েছে মদীনাতুল রাসূল বা মদীনাতুন নববী।
- ২. সেখানে রসূলের হিজরত হবার কারণে মদীনার আরেকটি নাম হলো দারুল হিজরাহ।



- ৩. রসূল (সাঃ) এর নামকরণ করেন ত্বায়্যিবাহ, ত্বীবা ইত্যাদী নামে।
- 8. ইবরাহীম u যেমন মক্কার জন্য দু'আ করেছিলেন তেমনি রসূল (সাঃ)ও মদীনার বরকতের জন্য দু'আ করেছিলেন। যথা : اللهم اجعل في المدينة ضعفي ما مكة من البركة (বুখারী ও মুসলিম) (ফাতহুল বারী)
- ৫. মদীনাহ ঈমানের অবস্থানস্থল ও ঠিকানা। দ্বীন এখান থেকেই প্রসারিত হয়েছিল আবার এখানে ফিরে আসবে। নাবী (সাঃ) বলেন, إن الإيمان ليأرز إلى المدينة كما تأرز الحية إلى جحرها (বুখারী ও মুসলিম)
- ৬. রসূল (সাঃ) মদীনাবাসীদের জন্য বরকতের দু'আ করেন যথা : اللهم بارك لأهل المدينة

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন